



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বুড়িচং, কুমিল্লা।



বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ আতিকুর রহমান, ইউএলও, বুড়িচং, কুমিল্লা।
সভার তারিখ : ০৩/১২/২০২৪খ্রি।
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১২:০০ ঘটিকায়।


সভার উপস্থিতি পরিশিষ্ট- “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলইও) জনাব ডাঃ মোঃ আবু রায়হান, ২য় সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন।

তিনি আরো জানান নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সমস্ত ত্রৈমাসিক অগ্রগতি তথ্য প্রেরণ করতে হবে। সেবাগ্রহীতাদের প্রাপ্যতার ভিত্তিতে বিভিন্ন ঔষধ ও ভিটামিন বিতরণ করা হয়েছে। অতঃপর সভাপতি মহোদয় বলেন যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বুড়িচং, কুমিল্লার সকল কর্মকর্তা-কর্মচারীদের সেবাগ্রহীতাদের সাথে সং হতে হবে। উক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১. সেবাগ্রহীতা সকলের সাথে ভ্রাতৃপূর্ণ আচরণ করতে হবে।
২. অত্র দপ্তরে আগত সেবাগ্রহীতাদের চিকিৎসা ও পরামর্শ প্রদান করতে হবে।
৩. সেবাগ্রহীতাদের কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন লক্ষ্যে সবাই সচেষ্ট থাকার জন্য বলা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ আতিকুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১৮.০০০.০৬.০১৫.২৪.২৫৬(৪)

তারিখঃ ০৩/১২/২০২৪খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।

ডাঃ আতিকুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বুড়িচং, কুমিল্লা।